গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
রাজস্ব শাখা
www.naogaon.gov.bd

স্মারক নম্বর: ৩১.৪৩.৬৪০০.১০৬.১১.১৭৫.২৩-৯৭৩৬

তারিখ: ০২/০৬/১৪৩০ / ১৭/০৯/২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-১ অধিশাখার ১৪/০৮/২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৬.১৯.৩০১ নম্বর স্মারকে প্রদত্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ এর রাজস্ব প্রশাসনের আওতাভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ীভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত প্রচলিত নিয়োগবিধি অনুযায়ী নওগাঁ জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে Online-এ (http://dcnaogaon.teletalk.com.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | ড্রাফটসম্যান | ০২(দুই)টি | ৯,৭০০-২৩,৪৯০/- (গ্রেড-১৫) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬(ছয়) মাসের সিভিল ড্রাফটিং বিষয়ে ট্রেডকোর্স সনদপ্রাপ্ত। |
| ২. | নাজির কাম-ক্যাশিয়ার | ০২(দুই)টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ৩. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৭ (সতেরো)টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ৪. | সার্টিফিকেট পেশকার | ০৪(চার)টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ৫. | সার্টিফিকেট সহকারী | ০৩(তিন)টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ৬. | ক্রেডিট চেকিং কাম-সায়রাত সহকারী | ০৩(তিন)টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ৭. | মিউটেশন কাম-সার্টিফিকেট সহকারী | ০৩(তিন)টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ৮. | ট্রেসার | ০২(দুই)টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো অনুমোদিত প্রতিষ্ঠান হইতে ড্রয়িং বিষয়ে অন্যূন ৬(ছয়) মাসের সার্টিফিকেট কোর্স সনদপ্রাপ্ত;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ৯. | কার্যসহকারী | ০১(এক)টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো অনুমোদিত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬(ছয়) মাসের সিভিল ড্রাফটিং সার্টিফিকেট কোর্স সনদপ্রাপ্ত;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(ঘ) কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ১০. | অফিস সহায়ক | ৭৯ (উনআশি)টি | ৮২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ১১. | নিরাপত্তা প্রহরী | ০৩ (তিন)টি | ৮২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ১২. | পরিচ্ছন্নতা কর্মী | ০১ (এক)টি | ৮২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |

**শর্তাবলী:**

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও নওগাঁ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৩. জেলা প্রশাসক, নওগাঁ বরাবর আবেদন করতে হবে।

৪. বিভাগীয়/চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে লিখিত অনাপত্তি গ্রহণ করে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং উক্ত অনাপত্তিপত্র মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডের নিকট দাখিল করতে হবে। বিভাগীয়/চাকরিরত প্রার্থীর আবেদনের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

৫. **লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:**

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)

খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র।

গ) পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

ঘ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অনলাইনে নিবন্ধনকৃত জন্মনিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় চাকুরির জন্য আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৩১/০৮/২০২৩ তারিখের ৪৮.০০.০০০০.০০২.৯৯.০০৪.১৮.১৯ নং পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website (www.molwa.gov.bd) ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর website (https://bffwt.gov.bd) তে প্রকাশিত সমন্বিত তালিকা এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে প্রকাশিত টিআইএমএস এ প্রকাশিত বীর মুক্তিযোদ্ধার নামই বৈধ/স্বীকৃত মুক্তিযোদ্ধা হিসেবে বিবেচিত হবে। এ ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ ৩০ মে ১৯৫৯ অর্থাৎ ১৯৭১ সালের ৩০ নভেম্বর তারিখে ১২ বছর ০৬ মাস কিংবা তার পূর্বে হতে হবে।

চ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে:

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | যে তালিকা বা গেজেটে মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ: | প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক (মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখ করতে হবে) | মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | ১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ:<br>২। জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্ম তারিখ:<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ:<br>৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ: | |

ছ) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণক

জ) কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র (ড্রাফটসম্যান পদ ব্যতিত)।

ঝ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

ঞ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।

৬. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র/কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র/কন্যা এই মর্মে সম্পর্ক উল্লেখপূর্বক ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়নপত্র।

৭. মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশপত্রে তার প্রতিস্বাক্ষর থাকবে এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশপত্রে কমপক্ষে ০১(এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। কোনো মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য সংবলিত ওয়ারিশপত্র গ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেয়া হবে।

৮. লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১(এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবি সংবলিত সিল থাকতে হবে।

৯. প্রার্থীর বয়স ২০/০৯/২০২৩ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স নিরূপণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১০. নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান ও কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র/প্রমাণক মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটায় নিয়োগের জন্য প্রার্থীদের সনদ/প্রমাণক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ড/বিভাগীয় নির্বাচনি বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সনদ/প্রমাণক যাচাইয়ে তা যথার্থ বলে প্রমাণিত হতে হবে।

১১. নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টি.এ/ডি.এ দেয়া হবে না।

১২. অসত্য/অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। নিয়োগ প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে কোনো প্রার্থী অসদুপায় অবলম্বন করলে প্রার্থিতা/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪. আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবেনা।

১৫. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬. <u>অনলাইনে আবেদনপত্র পুরণ ও দাখিল করার নিয়মাবলি:</u>

ক. আগ্রহী প্রার্থীগণ http://dcnaogaon.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২০/০৯/২০২৩ সকাল ১০.০০ টা।

ii. Online-এ আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও সময়: ১০/১০/২০২৩ রাত ১১:৫৯ টা।

বর্ণিত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যেকোন teletalk Pre-paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০KB হতে হবে।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। কাজেই Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময় এক কপি জমা দেবেন।

ঙ. <u>SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:</u> Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় আবেদন করতে পারবেন। উল্লেখ্য, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন।

Applicant's copy তে User ID দেয়া থাকবে। বর্ণিত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নবর্ণিত পদ্ধতিতে যেকোনো teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ০১ হতে ০৯ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ২০০/- টাকা + টেলিটক কর্তৃক সার্ভিস চার্জবাবদ ২৩/- টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ১০ হতে ১২ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ১০০/- টাকা + টেলিটক কর্তৃক সার্ভিস চার্জ বাবদ ১২/-টাকাসহ মোট টাকা=১১২/-(একশত বার) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করবেন।

<u>নিয়মাবলি:</u>

প্রথম SMS: DCNAOGAON<>User ID লিখে 16222 নম্বরে send করতে হবে।
Example: DCNAOGAON<>ABCDEF send to 16222
Reply: Applicant's Name, Tk. ২২৩/- (০১ হতে ০৯ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে) ও Tk ১১২/-(১০ হতে ১২ নম্বর ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে) Will be Charged as application fee, Your PIN is ××××××××. To pay fee Type dcnaogaon <>YES<>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: DCNAOGAON<>YES<>PIN লিখে 16222 নম্বরে send করতে হবে।
Example: DCNAOGAON YES 123456789 send to 16222.
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for DCNAOGAON Application for ×××××××××× User ID is (ABCDEF) and Password (××××××××××).

বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

চ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যু/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নেবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID ও Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে। আবেদনকারী প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

ছ. প্রবেশপত্র সংগ্রহের নোটিশ http://dcnaogaon.teletalk.com.bd ওয়েবসাইট এবং নওগাঁ জেলার ওয়েবসাইট http://www.naogaon.gov.bd তে পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS শুধু যোগ্য প্রার্থীদের মোবাইল ফোন নম্বরে প্রেরণ করা হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ হবে বিধায় উক্ত মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ. শুধু teletalk Pre-paid মোবাইল থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID ও Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: DCNAOGAON<>Help<>User<>User ID & send to 16222.
Example: DCNAOGAON Help User ABCDEF & Send to 16222.
(ii) PIN Number জানা থাকলে: DCNAOGAON<>Help<>PIN<>PIN Number & send to 16222.
Example: DCNAOGAON Help PIN 12345678 & Send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd তে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://dcnaogaon.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ অথবা alljobs.query @teletalk.com.bd তে ই-মেইল/এসএমএস এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর subject-এ Organization Name: DCNaogaon, Post Name: ..........., Applicant's User ID ও Contact Number অবশ্যাই উল্লেখ করতে হবে)।

(মোঃ গোলাম মওলা)
জেলা প্রশাসক
নওগাঁ

স্মারক নম্বর: ৩১.৪৩.৬৪০০.১০৬.১১.১৭৫.২৩- ৯৭৩৮

তারিখ: ০২/০৬/১৪৩০
১৭/০৯/২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে
১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার,..........................(সকল)।
৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৪। জেলা প্রশাসক,...............................(সকল)।
৫। পুলিশ সুপার, নওগাঁ।
৬। সিভিল সার্জন, নওগাঁ।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ।
৮। অতিরিক্ত জেলা প্রশাসক............................নওগাঁ।
৯। উপজেলা নির্বাহী অফিসার,.........................(সকল), নওগাঁ। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক, বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং #৩/এ, ৫/এ, ৭/এ, রোড # ১৭, গুলশান-১, ঢাকা-১২১২[দৃষ্টি আকর্ষণ: ম্যানেজার (VAS-2), মার্কেটিং এন্ড ভ্যাস]
১১। মেয়র...................(সকল), নওগাঁ।
১২। উপপরিচালক, জেলা তথ্য অফিস, নওগাঁ।
১৩। রেভিনিউ ডেপুটি কালেক্টর, নওগাঁ। বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসন, নওগাঁ'র নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৪। প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, নওগাঁ। নিয়োগ বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসন, নওগাঁ'র ওয়েবসাইটে আবেদন গ্রহণের শেষ তারিখ পর্যন্ত প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৫। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ................................/................................../নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় স্বল্প পরিসরে ভিতরের পাতায় কেবল মাত্র ০১ (এক) দিন সকল সংস্করণে প্রকাশপূর্বক প্রকাশিত বিজ্ঞপ্তির ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৬। অফিস কপি।

জেলা প্রশাসক
নওগাঁ।